

তারিখঃ ২১ জুন ২০২২
০৭ আষাঢ় ১৪২৯

প্রেস রিলিজ

আজ ২১ জুন ২০২২ খ্রিঃ (মঙ্গলবার) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক “আলুর বাজার সম্পর্কে সমীক্ষার চূড়ান্ত প্রতিবেদন বিষয়ে ভ্যালিডেশন সেমিনার” কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। সেমিনারে সভাপতিত্ব করেন কমিশনের বিজ্ঞ সদস্য ড. এ এফ এম মনজুর কাদির। এছাড়াও সেমিনারে উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি. এম সালেহ উদ্দিন, জনাব নাসরিন বেগম, কমিশনের উপদেষ্টা জনাব খালেদ আবু নাহের, জনাব মোহাম্মদ জাফরুল ইসলাম আজিজি, যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয়, জনাব বিপুল চন্দ্র বিশ্বাস, যুগ্মসচিব কৃষি মন্ত্রণালয়, ড. মোঃ মোশাররফ উদ্দিন মোল্লা, সদস্য পরিচালক, বিএআরসি, ড. সৈয়দ মোঃ রফিকুল আমিন, অতিরিক্ত পরিচালক (উপকরণ), জনাব মিরাজুল ইসলাম উকিল, উপসচিব, বাণিজ্য মন্ত্রণালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জনাব আতিয়া সুলতানা, উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জনাব মোজাম্মেল হক চৌধুরী, সচিব, বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশন, জনাব মোঃ মজিবর রহমান, সহকারী পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, জনাব কাজী আব্দুল হান্নান, কনজুমারস এসোসিয়েশন বাংলাদেশ (ক্যাব), জনাব এ কে এম খোরশেদ আলম খান, সভাপতি বাংলাদেশ অটো রাইস মিল অনার্স এসোসিয়েশন এবং কমিশনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

দেশের আলুর বাজার সম্পর্কে সার্বিক বিষয়ে সেমিনারে পর্যালোচনা করা হয়। সেমিনারে আলুর বাজার সম্পর্কে চূড়ান্ত সমীক্ষা প্রতিবেদন উপস্থাপন করেন কমিশন কর্তৃক পণ্য ও সেবার ডাটাবেজ প্রণয়নের লক্ষ্যে গঠিত দল-১০ এর আহ্বায়ক ও কমিশনের হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব মোঃ মুহাম্মদ রায়হান আলম।

স্বাক্ষরিত
(শেখ রুবেল)
জনসংযোগ কর্মকর্তা
টেলিফোন নম্বর: ০২-৫৫১৩৮৪১২
ই-মেইল : shekhruveldu@gmail.com